ইউ কে এর সংবাদপত্র বা সাময়িকপত্র সম্বন্ধে আপনার কি কোনও অভিযোগ আছে?

ইউ কে এর সংবাদপত্রে বা সাময়িকপত্রে প্রকাশিত কোনও কাহিনি সম্বন্ধে যদি আপনার কোনও অভিযোগ থাকে যা আপনি সম্পাদকের সাথে সমাধান করতে পারেন না সেক্ষেত্রে প্রেস কমপ্লেন্টস কমিশন আপনাকে সাহায্য করতে পারে। এটি একটি পুস্তিকা প্রকাশ করে যাতে অভিযোগ কি করে করতে হয় তা ব্যাখ্যা করা হয়েছে এবং মুদ্রন শিল্পের কোড অফ প্র্যাকটিস এর অনুযায়ী প্রকাশিত প্রবন্ধের অভিযোগ সম্বন্ধে এরা অনুসন্ধান করবে। এই দুটো প্রকাশনাই ইংরেজিতে আছে, তাই আপনি যদি অনুবাদের সাহায্য নিতে চান আপনাকে আপনার স্থানীয় **বাংলা-ভাষী** সম্প্রদায় কেন্দ্রে যোগাযোগ করতে হবে।

কমিশনের একটি ওয়েবসাইট www.pcc.org.uk এবং হেল্পলাইন ০৮৪৫ ৬০০ ২৭৫৭ আছে আর এই দুটোই ইংরেজি -ভাষীদের কাছে পাওয়া যায়।

প্রেস কমপ্লেন্টস কমিশন এর উপর ভার আছে কোড অফ প্র্যাকটিস লাগু করার যা সংবাদপত্র এবং সাময়িকী শিল্প দ্বারা প্রনয়ন করা হয়েছে এবং প্রেস কমপ্লেন্টস কমিশন দ্বারা অনুমোদিত হয়েছে। এই কোড প্রধানত চারটি ক্ষেত্র দেখে: যথার্থতা, ব্যক্তিগত ব্যাপার নিয়ে মাথা ঘামানো, সংবাদ সংগ্রহ এবং বিশেষ করে সেই সব লোকদের রক্ষা করা যারা অরক্ষিত, যার মধ্যে আছে এমন লোক যাদের বিরুদ্ধে জাতি সম্বন্ধে পক্ষপাতমূলক বা অনিষ্টকারী মন্তব্য করে অন্যায়ভাবে বৈষম্যমুলক আচরন করা হয়েছে। কমিশন কোডের অন্তর্গত সে সব সংবাদপত্র বা সাময়িকপত্রের বিরুদ্ধে করা অভিযোগগুলি বিচার করার জন্য নেবে যা প্রধানত ইউ কে এর পাঠকদের জন্য প্রকাশিত হয় এবং এর মধ্যে কিছু প্রকাশনা থাকতে পারে **বাংলা-ভাষায়**। অভিযোগ তদন্ত করার কাজ অবশ্য হবে ইংরেজিতে।

আপনাদের প্রশের উত্তর দেওয়া হল

আমাদের ঘন ঘন যে সব প্রশ্ন করা হয়,তার কিছুর উত্তর দেওয়া হল। আপনাদের যদি আরও প্রশ্ন থাকে আমরা সহায়তা করতে পারলে খুব সুখী হব।

প্র: এতে আমার কত খরচ হবে? আমার কি কোনও আইনজীবির প্রয়োজন হবে?

উ: শুধু আমাদের কাছে চিঠি পাঠানোর জন্য ডাকটিকেটের দাম ছাড়া, এতে আপনার কিছুই খরচ হবে না। আমাদের পরিষেবা পুরোপুরি মাশুলহীন। কোনও আইনজীবিকে দিয়ে আপনার অভিযোগ দায়ের করা জরুরী নয়।

প্র: আমি এই কাহিনিতে প্রত্যক্ষভাবে জড়িত নই। আমি কি অভিযোগ করতে পারি?

উ: স্বাভাবিক ভাবে পি সি সি শুধু তাদেরই অভিযোগ বিবেচনা করবে যারা অভিযোগের বিষয় দ্বারা প্রত্যক্ষভাবে প্রভাবিত। কখনো কখনো কমিশন তার বিচারানুসারে প্রত্যক্ষভাবে জড়িত নয় এমন কারও অভিযোগ বিবেচনা করতে পারে-কেবলমাত্র তখনই যখন এতে গুরুত্বপূর্ণ কোনও জনস্বার্থঘটিত বিষয় তুলে ধরা হয়।

প্র: কত শীঘ্র আমাকে একটি অভিযোগ অবশ্যই দায়ের করতে হবে?

উ: আমরা সাধারনত কেবলমাত্র সে সব অভিযোগই গ্রহন করি যা প্রকাশিত হওয়ার দু মাসের মধ্যেই করা হয়। যাহোক, আপনি যদি প্রকাশ পাওয়ার সাথে সাথে সম্পাদকের সঙ্গে সরাসরি চিঠিপত্রের আদান-প্রদান করেন কিন্তু কোনও সন্তোষজনক জবাব না পান ,সেক্ষেত্রে আপনার চিঠিপত্র বন্ধ হবার পর থেকে দু মাস সময় পর্যন্ত আমরা আপনার অভিযোগ গ্রহন করব। আমরা এর পরে করা অভিযোগও বিবেচনা করতে পারি যদি কমিশন মনে করে যে বিলম্বের সঙ্গত কারণ আছে।

প্র: আমার অভিযোগের বিষয়ে কাজ শেষ করতে কতদিন লাগবে?

উ: এটা নির্ভর করে সমস্যা কতটা জটিল তার উপর। এতে মাত্র কয়েকদিন লাগতে পারে কিন্তু গড় সময় হল ৩৫টি কাজের দিন।

প্র: আমি কি ক্ষতিপূরণ পেতে পারি?

উ: না। আপনার অভিযোগের সমাধানের চাইতে অর্থপ্রাপ্তিই যদি আপনার কাম্য হয়,তাহলে আপনাকে আদালতের মাধ্যমে আইনি ব্যবস্থা নিতে হবে।

প্র: কোনও প্রবন্ধ প্রকাশিত হবার আগে কমিশন কি তার প্রকাশ বন্ধ করতে পারে?

উ: না। কমিশন সংবাদপত্র বা সাময়িকপত্রকে কোনও প্রবন্ধ প্রকাশ না করার কথা বলতে পারে না;যদি তার এই ক্ষমতা থাকতো তাহলে সেটা সংবাদপত্র বা সাময়িকপত্র এর ব্যক্ত করবার স্বাধীনতার পরিপন্থী হত।

আপনি যদি মনে করেন কোনও প্রবন্ধ কোড ভঙ্গ করতে পারে, আপনি সরাসরি সম্পাদকের সাথে যোগাযোগ করে আপনার উদ্বেগ জানাতে পারেন। কত ভালোভাবে কোডের শর্ত মেনে আপনার উদ্বেগের একটা আকার দেওয়া যায়, সেই ব্যাপারে আপনাকে পরামর্শ দিতে অথবা উপযুক্ত মনে হলে সম্পাদকের কাছে বার্তা পৌছে দিতে পি সি সি সুখী বোধ করবে।

প্র: পি সি সি কি ইউ কে এর সমস্ত সংবাদপত্র এবং সাময়িকপত্র নিয়ে কাজ করে?

উ: ইউ কে এর অধিকাংশ (৯৭%এর মতো) বাণিজ্যিকভাবে লভ্য সংবাদপত্র ও সাময়িকপত্র সম্বন্ধে অভিযোগ কমিশন নিয়মমত বিবেচনা করতে পারে। কোনও সংবাদপত্র বা সাময়িকপত্র যদি পি সি সি এর অধিকারের আওতায় না আসে, এমন সব বিরল ক্ষেত্রে কমিশন যেখানে সম্ভব চেষ্টা করবে তার বিরুদ্ধে করা অভিযোগ অনানুষ্ঠানিক স্তরে মিটিয়ে দেবার।

প্র: ইন্টারনেট প্রকাশন কি পি সি সি এর আওতায় আসে?

উ: সংবাদপত্র ও সাময়িকপত্র এর অনলাইনে ভাষ্য সম্বন্ধে অভিযোগ পি সি সি গ্রহন করবে, যদি সেই প্রকাশন কোড অফ প্র্যাকটিসের অনুসারী হয় এবং বিষয়বস্তু এমন যা কোডের শর্তের আওতায় আসে।

প্র: পি সি সি কি শ্রবন-দর্শন মাধ্যমের বিষয়বস্তু সম্বন্ধে অভিযোগ নিয়ে কাজ করে?

উ: কোনও প্রকাশনের ওয়েবসাইটে শ্রবন-দর্শন এবং শ্রবন এর বিষয়বস্তু উপস্থিত থাকলে পি সি সি সে সম্বন্ধে অভিযোগগুলির করনীয় কাজ করতে পারে। শিল্প-সংস্থা এই বিষয়ে একটি নির্দেশ-পত্র বের করেছে।

পি সি সি তে করা সাধারণ অভিযোগ সম্বন্ধে প্রক্রিয়া এসব অভিযোগ সম্বন্ধেও প্রযোজ্য। বিষয়বস্তুর চূড়ান্ত পর্য্যায়ে প্রকাশিত হবার দু মাসের মধ্যে এগুলো করতে হবে। অভিযোগকারীকে সুনির্দিষ্ট করে দেখাতে হবে যে তার অভিযোগ কোডের বিশেষ কোনো একটি শর্তানুযায়ী করা হয়েছে এবং যেখানে সম্ভব যাচাই করার উপযুক্ত একটি অভিযোগ- সম্পর্কিত প্রতিলিপি দিতে হবে। এটি অভিযোগের একটি ট্র্যান্সক্রিপ্টের আকারে হতে পারে। যেমন অন্য সবের বেলায় হয়, শ্রবন-দর্শন (এ ভি) অভিযোগ দায়ের করার জন্য পি সি সি কর্মীদের সহায়তা পাওয়া যাবে।

প্র: পি সি সি কোড কি ব্যবহারকারীর সৃষ্ট বিষয়বস্তুর ক্ষেত্রে প্রযোজ্য?

উ: সম্পর্কিত বিষয়বস্তুটি কোড অফ প্র্যাকটিসের শর্তাবলির আওতার মধ্যে থেকে সম্পাদকীয় নিয়ন্ত্রনাধিন কিনা এই ব্যাপারের সমাধান করা পি সি সি এর জ্যন একটি পরীক্ষা। ব্যবহারকারীরা যে সব মন্তব্য চ্যাটরুমে লিখে দেয় অথবা অসম্পাদিত ব্লগস্ দ্বারা করে, সে সব সাধারণত পি সি সি এর অধিকারের সীমানার বাইরে।

প্র: পি সি সি কি বিষয়ে কাজ করতে সমর্থ হবে না?

উ: আমরা আইনগত বা চুক্তিগত বিষয়ে কাজ করি না, সে সব আরও উপযোগীতার সাথে আদালত দ্বারা করা হয়। বিজ্ঞাপন, প্রচার বা প্রতিযোগীতা সম্বন্ধে অভিযোগ অন্যান্য নিয়ন্ত্রনকারী সংস্থা সমূহ দেখে যার বিস্তারিত বিবরণ আমাদের হেল্প-লাইনে পাওয়া যাবে। কিছু অতি বিরল ক্ষেত্রে কমিশন সিদ্ধান্ত নিতে পারে কোনও একটি বিশেষ অভিযোগের উপর কাজ না করার।

রুচি, শালিনতা ও বিরক্তিকর ব্যাপারগুলি নিয়ে কাজ করতে ও আমরা অপারগ।

প্রেস কমপ্লেন্টস কমিশন
HALTON HOUSE
20/23HOLBORN
LONDON EC1N 2JD

সুইচবোর্ড : ০২০ ৭৮৩১ ০০২২
২৪ ঘন্টার পরামর্শ সংযোগ : ০৭৬৫৯ ১৫২৬৫৬
(আপনার বার্তা রেখে য়ান, আমরা আপনাকে ফেরত্ দূরভাষ করব - কেবলমাত্র জরুরী অবস্থায় ব্যবহারের জন্য)
ফ্যাক্স:০২০ ৭৮৩১ ০০২৫
ই মেল: COMPLAINTS@PCC.ORG.UK